

## ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্য

### ইন্টারনেটের নিরাপদ ব্যবহার

#### করণীয় Do's

- ✓ প্রতিষ্ঠানের অনলাইন অ্যাপ্লিকেশন-সমূহে এসএসএল সার্টিফিকেট (https বা তালা চিহ্নিত) ব্যবহার করা;
- ✓ লগ-ইন অপশনসমূহে Two-Factor Authentication চালু রাখা;
- ✓ ইন্টারনেট ব্রাউজার এবং প্রয়োজনীয় প্লাগইনসমূহ নিয়মিত আপডেট রাখা;
- ✓ দাপ্তরিক কাজে দাপ্তরিক ই-মেইল আইডি ব্যবহার করা;
- ✓ অনলাইনে নিরাপদ লেনদেনের জন্যে এসএসএল সার্টিফিকেট (https অথবা তালা চিহ্নিত) যুক্ত সাইট ব্যবহার করা;
- ✓ অন্য কোন ব্যবহারকারীর ওয়েব ব্রাউজার ব্যবহারের ক্ষেত্রে ইনকগনিটো /প্রাইভেট মোড (Incognito/ Private mode) ব্যবহার করা যাতে করে কোন তথ্য ওয়েব ব্রাউজারে সংরক্ষিত না থাকে;
- ✓ ওয়েব ব্রাউজারের অটোফিল (Autofill) সুবিধা নিষ্ক্রিয় রাখা যাতে করে ওয়েব ব্রাউজারে ব্যবহারকারীর কোন তথ্য সংরক্ষিত না থাকে।

#### বর্জনীয় Dont's

- ✗ সন্দেহজনক ই-মেইল থেকে প্রেরিত অ্যাটাচম্যান্ট (ফিশিং) না খোলা;
- ✗ অনিরাপদ কোন লিংকে প্রবেশ করা থেকে বিরত থাকা;
- ✗ নিশ্চিত না হয়ে অপরিচিত ই-মেইল ওপেন না করা;
- ✗ ফাইল শেয়ারিং সাইট এবং টরেন্টিং সাইটসমূহ ব্যবহার করা থেকে বিরত থাকা;
- ✗ অনিরাপদ/ অপরিচিত সাইটে লেনদেন করা থেকে বিরত থাকা।